ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd
বাড়ি নং-১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ঢ-০৯/২০১৭/২৯৮ তারিখ: ১১ ফাল্গুন ১৪২৬ / ২৪ ফেব্রুয়ারী ২০২০

বিষয়ঃ ট্রাস্ট কর্তৃক পরিচালিত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ দারুল ইসলাম ফাযিল মাদরাসার স্মারক নং- দাইফামা/বিদ্যোৎসাহী/আবেদন/২৪/২০২০, তারিখঃ ২০.০১.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের পরিপ্রেক্ষিতে ট্রাস্ট কর্তৃক পরিচালিত দারুল ইসলাম ফাযিল মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি হিসেবে ইঞ্জিনিয়ার মোহাম্মদ আলী, পিতা- মৃত রমজান আলী, ব্যাংক কলোনী, সাভার, ঢাকা কে মাননীয় উপাচার্য সদয় মনোনয়ন দান করেছেন।

শর্তাবলীঃ

ক). আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে জয়েন্ট স্টক কোম্পানী কর্তৃক অনুমোদিত হালনাগাদ নির্বাহী কমিটির কপি বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে।

খ). গভর্নিং বডির মেয়াদের মধ্যেই নতুন গভর্নিং বডি গঠনের কার্যক্রম শেষ করতে হবে এবং মেয়াদ উত্তীর্ণের পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রথম সভা করে পূর্ণাঙ্গ গভর্নিং বডি অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ে প্রস্তাব দাখিল করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৪/২/২০২০

(এ.এস. মাহমুদ)
রেজিস্ট্রার
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১

অধ্যক্ষ
দারুল ইসলাম ফাযিল মাদরাসা
ডাকঘর- নয়ারহাট, উপজেলা- সাভার
জেলা- ঢাকা।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ঢ-০৯/২০১৭/২৯৮(৭) তারিখঃ ২৪/২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড অ্যাসোসিয়েশন, লেভেল-০৭ ও ১০, নিউ বেইলি রোড, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। চেয়ারম্যান, দারুল ইসলাম সোসাইটি।
৪। ইঞ্জিনিয়ার মোহাম্মদ আলী, বিদ্যোৎসাহী প্রতিনিধি, দারুল ইসলাম ফাযিল মাদরাসা, সাভার, ঢাকা।
৫। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। আই.সি.টি. শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭। সংশ্লিষ্ট নথি।

২৪.২.২০

(ড. মো. আবু হানিফা)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০৪